"শেখ হাসিনার উদ্যোগ

ঘরে ঘরে বিদ্যুৎ"

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

কানাইপুর, ফরিদপুর

pbs.faridpur.gov.bd

নম্বর ২৭.১২.২৯৪৭.৫২১. ০২.০০৮.২০.৫৯২

তারিখ ১৩ মাঘ ১৪২৬

২৭ জানুয়ারি ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি**

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকাসহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি।	১) **বয়স সীমাঃ** প্রার্থীর বয়সসীমা ৫২ (বায়ান্ন) বছর (১০/০২/২০২০খ্রিঃ তারিখে) সর্বোচ্চ ০৩ চুক্তি (৩+৩+৩) ০৯ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরি করতে পারবেন। ২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর /০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ৩) **অন্যান্য যোগ্যতাঃ** ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্থ, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্ম মূল্যায়ন করা হবে। ঘ) কর্মমূল্যায়ন সন্তোষজনক হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে নূন্যতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অত:পর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৩ চুক্তি (৩+৩+৩) ০৯ (নয়) বছর কর্মকাল বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

শর্তাবলীঃ

০১)	**আবেদন পত্র পুরণ ও জমাদান :** **ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www.pbs.faridpur.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২ ভার্সন-০১) A-4 সাইজে কাগজ** ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরন করে আগামী ১০/০২/২০২০খ্রিঃ তারিখের মধ্যে জেনারেল ম্যানেজার, ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

২) **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে :**

ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।
গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
ঙ)	ছবি সহ সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে (নাম ও পদবী সম্বলিত সীল দ্বারা) হবে।
চ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ছ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ” যা এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত
হতে হবে।

অন্যান্য শর্তাবলীঃ

ক)	নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেওয়া হবে।
খ)	জ্যেষ্ঠতা নির্ধারনের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ-১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করা হবে।
গ)	স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৬২.০০২.১৯.২৬৫৬, তাং- ০৯/১০/২০১৯খ্রিঃ মোতাবেক বেতন নির্ধারন পূর্বক অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।
ঘ)	অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করছেন) উল্লেখ করতে হবে।

ঙ)	ইতোপূর্বে যারা অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
চ)	অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/মহিলা র্বোড পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।
ছ)	চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা মেয়াদ উত্তীর্ণের পূর্বেই স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
জ)	দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।
ঝ)	প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।
ঞ)	অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
ট)	ফরিদপুর জেলার প্রার্থীগনের উল্লিখিত পদে আবেদন করার প্রয়োজন নাই। এছাড়াও অত্র পবিসের ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।
ঠ)	বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।
ড)	ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই

করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

ঢ) চুক্তি ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

ণ) খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

ত) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩০-১-২০২০

মোঃ আবুল হাসান

জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর

৭) মোঃ আলিমুজ্জামান, পুলিশ সুপার, পুলিশ সুপার এর কার্যালয়, ফরিদপুর

৮) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার সকল পবিস

৯) সকল জোনাল ও সাব-জোনাল অফিস, ফরিদপুর পবিস

১০) এজিএম (অর্থ/ইএন্ডসি/সদস্য সেবা/ওএন্ডএম), ফরিদপুর পবিস